www.xtrapapers.com

A-level

# BENGALI

Unit 2 Reading and Writing

# Insert

Text to be used when answering Section 1

Section 3 Writing Questions 3, 4, 5 and 6

www.xtrapapers.com



## Text for use with Section 1

### রাজা রামমোহন রায়

সমগ্র ভারতবর্ষে কম লোকই আছেন যাঁরা রাজা রামমোহন রায়ের নাম শোনেননি। তবে, তিনি কখনও রাজা ছিলেন না, রাজার চেয়েও বড়ো মাপের ছিলেন। দিল্লির মোঘল সম্রাট "রাজা" উপাধি দেওয়ার পর থেকেই তিনি রাজা রামমোহন রায় নামে পরিচিত হন। তিনি ছিলেন সুপণ্ডিত এবং আধুনিক ভারতবর্ষের সমাজ সংস্কারক। প্রগতিশীল চিন্তাধারার জন্য তাঁকে অনেকে আধুনিক ভারতবর্ষের জনক বলেও অভিহিত করেন। তাঁর জন্ম পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় ১৭৭৪ সালে এক সম্ভ্রান্ত ধনী পরিবারে। বাবা রমাকান্ত রায় ও মা  তারিনী দেবী দু'জনেই ছিলেন কুলীন ব্রাহ্মণ ও গোঁড়া ধার্মিক। কিন্তু গোঁড়া হলেও ছেলেকে উচ্চ শিক্ষিত করে তোলার গভীর আগ্রহ ছিলো বাবার। তাই তিনি শৈশব থেকেই ছেলেকে বাংলা ছাড়াও ফারসী, আরবী ও সংস্কৃত  ভাষায় দক্ষ করে তোলেন। এর পাশাপাশি রামমোহন রায় ইংরেজী ভাষায়ও  জ্ঞান লাভ করেন।

বয়স বাড়ার সঙ্গে-সঙ্গে তিনি লক্ষ্য করলেন হিন্দু সমাজে জাতিভেদ, বাল্যবিবাহ ও বহুবিবাহের মতো কুসংস্কারাচ্ছন্ন প্রথাগুলো ক্রমাগত বেড়েই চলছিলো। এ-সকল প্রথার বিরুদ্ধে তিনি জোর আন্দোলন শুরু করেন। তিনি বিশ্বাস করতেন এ-সব থেকে মুক্তি পেতে হলে "শিক্ষাই হবে একমাত্র উপায়"। এই উদ্দেশ্যে তিনি ডেভিড হেয়ার-এর সহযোগিতায় ১৮১৭ সালে কলকাতায় হিন্দু কলেজ ও পরে আরও কিছু শিক্ষা প্রতিষ্ঠানের গোড়া পত্তন করেন। তিনি তাঁর ব্যবসা ও চাকরি থেকে উপার্জিত অর্থের অধিকাংশ ব্যয় করেন এ-সব স্কুল-কলেজ  প্রতিষ্ঠায়।

রবীন্দ্রনাথ ঠাকুরের পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর ছিলেন রাজা রামমোহন রায়ের বন্ধু। দ্বারকানাথ ঠাকুর ও সে-সময়কার কিছু ধনী ব্যক্তিদের নিয়ে রামমোহন রায় "ব্রাহ্ম সমাজ" গঠন করেন ১৮২৮ সালে। তখন  থেকে সমাজ সংস্কার আন্দোলন আরও জোরদার হয়। এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য ছিলো: সকল ধর্মের সকল মানুষকে সমানভাবে গ্রহণ করা ও সমান চোখে দেখা।

১৮৩২ সালে কিছুদিন প্যারিসে থাকার পর তিনি ব্রিস্টলে তাঁর নিজ বাড়ি "বীচহাউস"-এ ফিরে আসেন। আসার পর মেনিন্জাইটিস রোগে আক্রান্ত হয়ে সেখানে মৃত্যুবরণ করেন ২৭শে সেপ্টেম্বর ১৮৩৩ সালে। তাঁর সমাধি ব্রিস্টলের নিকটে "আরনস ভেইল" সেমেটারিতে। সমাধিটি ভারতীয় স্থাপত্যে তৈরি, যার  সৌন্দর্য এখনও সবার দৃষ্টি আকর্ষণ করে। এটা দেখার জন্য পৃথিবীর বিভিন্ন স্থান থেকে ভ্রমণকারীরা এখানে আসেন।

বহুবিবাহ ও বাল্যবিবাহ দূরীকরণ, আধুনিক শিক্ষার প্রচলন, মেয়েদের সামাজিক মর্যাদা এবং বিধবা পুনর্বিবাহ ইত্যাদি অধিকার আদায়ের জন্য রাজা রামমোহন রায় আজও স্মরণীয় হয়ে আছেন এবং ভবিষ্যতেও  থাকবেন।

www.xtrapapers.com



## Section 3

নিচের যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও। দু'টি প্রশ্ন একই বিষয় থেকে অবশ্য লিখবে না। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্য ৩০ নম্বর। **দু'টি** প্রশ্নের জন্য মোট ৬০ নম্বর।

---

### Literary Topics
### (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলা উপন্যাস ও গল্প
### Bengali Fiction

**Either**

**3 (a)** তোমার পড়া একটি উপন্যাসের প্রধান দু'টি চরিত্র আলোচনা করো। এই চরিত্র দু'টির মধ্যে কোনটি তোমার কাছে সবচেয়ে বেশি ভালো লেগেছে এবং কেন? যুক্তি দিয়ে বুঝিয়ে লেখো।

**[30 marks]**

**or**

**3 (b)** তোমার জানা একজন ছোটো গল্প লেখকের পরিচয় দাও। তাঁর লেখা একটি ছোটো গল্পের কাহিনীর বিবরণ দাও। এই গল্পের কোন অংশটি তোমার মনে প্রচণ্ড দাগ কেটেছে? সে সম্পর্কে আলোচনা করো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা কবিতা ও নাটক
### Bengali Poetry and Drama

**Either**

**4 (a)** গদ্য কবিতা ও ছন্দ কবিতার মধ্যে কোনটি তোমার পছন্দ এবং কেন? তোমার পড়া এমন একটি কবিতা এবং তোমার পছন্দের কারণ দেখিয়ে কবিতাটির সৌন্দর্য ও বৈশিষ্ট্য আলোচনা করো।

**[30 marks]**

**or**

**4 (b)** সম্প্রতি দেখেছো এমন একটি নাটকের কাহিনী সংক্ষেপে আলোচনা করো। এই নাটকের সবচেয়ে আকর্ষণীয় চরিত্র কোনটি এবং তোমার কাছে কেন আকর্ষণীয় তা যুক্তি দিয়ে বুঝিয়ে লেখো?

**[30 marks]**

Turn over ▶

www.xtrapapers.com



## Non-literary Topics
## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি
### The Emergence of Bangladesh and Bengalis in Britain

**Either**

**5 (a)** বাংলাদেশ কখন এবং কীভাবে স্বাধীন হয়? সংক্ষেপে তার ইতিহাস বর্ণনা করো। এই স্বাধীনতা যুদ্ধে প্রতিবেশী রাষ্ট্র ভারতের ভূমিকা সম্পর্কে তোমার কী অভিমত? যুক্তি দিয়ে আলোচনা করো।

**[30 marks]**

**or**

**5 (b)** ব্রিটেনে বহুজাতিক ও বহুসংস্কৃতির লোকদের সংখ্যা দিন-দিন বেড়ে উঠছে এবং এর ফলে ব্রিটেনের খাওয়া-দাওয়া, পোশাক-পরিচ্ছদ এবং জীবন যাত্রার অনেক পরিবর্তন হচ্ছে। সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করে সংক্ষেপে একটি রচনা লেখো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা সিনেমা ও গান
### Bengali Cinema and Music

**Either**

**6 (a)** তোমার প্রিয় বাংলা সিনেমার পরিচালক কে? তাঁর কোন সিনেমাটি তোমার কাছে সর্বশ্রেষ্ঠ বলে মনে হয়? সংক্ষেপে তার কাহিনী ও নায়ক-নায়িকার পরিচয় দিয়ে তোমার মতামত ব্যক্ত করো।

**[30 marks]**

**or**

**6 (b)** গ্রাম-বাংলায় কী কী ধরনের গান শোনা যায়? তোমার প্রিয় একজন শিল্পীর কয়েকটি প্রধান গানের কথা ও শিল্পীর গুণাগুণ বর্ণনা করে সে সম্পর্কে একটি তথ্যপূর্ণ রচনা লেখো।

**[30 marks]**

**END OF QUESTIONS**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third party copyright material will be published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2016 AQA and its licensors. All rights reserved.